অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2024 **গভর্নর ক্যাথি হোকল**

মেমোরিয়াল ডে সপ্তাহান্তকে সামনে রেখে গভর্নর হোকল NY SWIMS উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্কবাসীকে পানিতে নিরাপদ রাখার জন্য বিনিয়োগ ঘোষণা করলেন

জোন্স বিচ ইস্ট বাথহাউজে পরিত্যক্ত পুল কমপ্লেক্সের নতুন নকশা ও পুনঃকল্পনার জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার উদযাপন করলেন; সংস্কারের রেন্ডারিং এবং বাথহাউজের বিদ্যমান পরিস্থিতির ছবি এখানে উপলভ্য আছে

মিউনিসিপ্যালিটিগুলিকে ঘাটতি মোকাবেলায় সাহায্য করতে 5 মিলিয়ন মার্কিন ডলারের লাইফগার্ড অনুদান কর্মসূচির সূচনা; আবেদনের শেষ তারিখ 26 জুলাই

SUNY পুল কমিউনিটি অ্যাংকর তৈরির জন্য অর্থবছর 2025 এর বাজেটে 2 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা

সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে মিউনিসিপ্যাল সাঁতার কাটার ব্যবস্থার জন্য অর্থবছর 2025 এর বাজেটে 90 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার পূর্বের ঘোষণার অনুবর্তী

এছাড়াও গভর্নর এই গ্রীষ্মকালে লং আইল্যান্ডের স্টেট পার্ক সৈকতসমূহে হাঙরের নজরদারি বৃদ্ধিতে অতিরিক্ত ব্যবস্থা গ্রহণের ঘোষণা দিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক মিউনিসিপাল সাঁতারে স্টেটব্যাপী বিনিয়োগ (New York StateWide Investment in Municipal Swimming, NY SWIMS) উদ্যোগের মধ্যমে নিউ ইয়র্কবাসীকে পানিতে নিরাপদ রাখার জন্য বিনিয়োগ ঘোষণা করলেন। 1-4 বছরের শিশুদের মৃত্যুর শীর্ষ কারণ ডুবে যাওয়া এবং জলবায়ু পরিবর্তন চরম তাপের ঘটনা বৃদ্ধি করবে এই উপলব্ধি দ্বারা গভর্নর হোকল অর্থবছর 2025 এর বাজেটে ব্যবস্থা নিশ্চিত করেছেন এবং উচ্চ চাহিদাসম্পন্ন এলাকায় মিউনিসিপ্যাল পুল তৈরি, নিউ ইয়র্কবাসীকে স্টেটের নদী ও লেকের সাথে যুক্ত করা, শহুরে পরিবেশে পুলের ব্যবস্থা, এবং স্টেটের পার্ক ও পুলে বিনিয়োগ করতে NY SWIMS এর জন্য অন্যান্য উদ্যোগ শুরু করেছেন। আজকে জোন্স বিচ স্টেট পার্কে (Jones Beach State Park) গভর্নর হোকল NY SWIMS উদ্যোগের একাধিক অংশের অগ্রগতি, এবং একই সাথে এই গ্রীষ্মকালে লং আইল্যান্ডের স্টেট পার্ক সৈকতসমূহে হাঙরের নজরদারি বৃদ্ধিতে অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ উদযাপন করেছেন।

"নিউ ইয়র্ক স্টেটে কমবয়সী শিশুদের ডুবে যাওয়ার ঘটনা রেকর্ড পর্যায়ে পৌঁছেছে, তাই এটি স্পষ্ট যে এটি একটি জনস্বাস্থ্য সমস্যা," **গভর্নর হোকল বলেন।** "NY SWIMS হলো নিউ ডিলের পর সাঁতারের জন্য স্টেটব্যাপী বৃহত্তম বিনিয়োগ, এবং শিশু ও পরিবারকে সাঁতার শেখার জন্য নিরাপদ স্থান প্রদান করতে আমরা নতুন পন্থা তৈরি করছি।"

NY SWIMS উদ্যোগ

সাঁতারের জন্য নিরাপদ এবং সুবিধাজনক সুযোগের অসমতা ভিত্তিক অ্যাক্সেস অনেক বেশি নিউ ইয়র্কবাসীকে পানির সাথে সম্পৃক্ত হওয়ার এবং পানি থেকে মৌলিক সুরক্ষার দক্ষতা শেখার সুযোগকে ব্যাহত করেছে। NY SWIMS পুরো স্টেটে সাঁতার কাটার সুযোগ বৃদ্ধি করতে বিনিয়োগ করছে, তাদের মনোযোগ হলো সুবিধাবঞ্চিত সম্প্রদায় এবং চরম উষ্ণতাপ্রবণ এলাকা। এছাড়াও, পাবলিক পার্কগুলিতে প্রতিদিন হাজার হাজার মানুষকে সেবাদান করার উপযোগী নতুন, অত্যাধুনিক সাঁতার কাটার ব্যবস্থা নিশ্চিত করতে এটি বহু দশকের বিনিয়োগের অভাবের চিত্র বদলে দিচ্ছে।

জোন্স বিচ ইস্ট বাথহাউজের সংস্কার

গভর্নর হোকল জোন্স বিচ ইস্ট বাথহাউজের (Jones Beach East Bathhouse) জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিশ্চিত করেছেন, এটি আইকনিক ও ঐতিহাসিক জোন্স বিচ স্টেট পার্ক অবকাঠামোর সর্বশেষ মুখ্য অংশ যেখানে বিগত 10 বছরে কোনো পুনরুজ্জীবনের কাজ হয়নি। পুল কমপ্লেক্সটি নতুন করে নকশা করা হবে এবং ভবিষ্যৎ প্রজন্মের উপভোগ করার জন্য পুনঃকল্পনা করা হবে। পার্ক ব্যবস্থার শতবর্ষ উদযাপন করার জন্য প্রাপ্ত অতিরিক্ত তহবিল দ্বারা স্টেট পার্কস একটি পরিত্যক্ত পুল কমপ্লেক্সকে একটি দেখার মতো স্প্রে পার্কে পরিণত করবে, শিশু ও অনভিজ্ঞ সাঁতারুদের ক্ষুদ্রতর, নিয়ন্ত্রিত একটি পরিবেশে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য একটি অনন্য সাঁতার শেখার বৈশিষ্ট্য উপস্থাপন ও অন্তর্ভুক্ত করবে। প্রকল্পের নির্মাণকাজের তত্ত্বাবধান করার জন্য স্টেট পার্কস সাধারণ পরিষেবা অফিসের (Office of General Services, OGS) সাথে অংশীদারিত্ব করবে। প্রকল্পের রেন্ডারিং এবং ইস্ট বাথহাউজের বিদ্যমান পরিস্থিতির ছবি এখানে উপলভ্য আছে।

আরো লাইফগার্ডের ব্যবস্থা করা

লাইফগার্ডের অভাব নিরাপদ সাঁতারের সময়ের ব্যবস্থা উল্লেখযোগ্যভাবে সীমিত করে, তাই এর সমাধান করার জন্য পুরো নিউ ইয়র্কে লাইফগার্ড নিয়োগের এবং ধরে রাখার প্রণোদনা প্রদান করতে সাহায্যের জন্য গভর্নর হোকল আজকে ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State, DOS) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য থাকার ঘোষণা করেছেন।

তহবিল পাওয়ার যোগ্য সত্তাদের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটি, নিউ ইয়র্ক সিটির বাইরে সকল নিউ ইয়র্ক স্টেট কাউন্টি, এবং অ্যালবানি, বাফেলো, রচেস্টার, সিরাকিউজ, এবং ইয়োঙ্কার্স সিটি। স্টেটের সাথে অংশীদারিত্ব করে কাউন্টিগুলি তাদের টাউন, গ্রাম এবং সিটির লাইফগার্ডের উপস্থিতিসম্পন্ন পাবলিক সাঁতার কাটার স্থান এবং সাঁতারের কর্মসূচিকে সেরা উপায়ে সমর্থন

করার জন্য স্থানীয়ভাবে সরাসরি তহবিল প্রদানের ক্ষমতা পাবে যার মাধ্যমে তারা সর্বোচ্চ প্রভাব অর্জন করবে এবং যেসব সম্প্রদায়ের চাহিদা সর্বোচ্চ তাদের সহায়তা করবে।

যোগ্য মিউনিসিপ্যালিটিসমূহের জন্য আবেদনের সময় এখন শুরু হয়েছে এবং আবেদন করার শেষ তারিখ 26 জুলাই, 2024। SWIMS লাইফগার্ড অনুদান তহবিল যেসব নিরাপদ সাঁতারের সুযোগ সম্পর্কিত প্রকল্প ব্যয়ের জন্য ব্যবহার করা যাবে

- লাইফগার্ড পদের জন্য বিজ্ঞাপন
- লাইফগার্ড ধরে রাখা এবং রেফারেল বোনাস
- লাইফগার্ডের প্রতি ঘণ্টার বেতনের সম্পূরক প্রদান
- লাইফগার্ডের বেতন বৃদ্ধি

নিউ ইয়র্ক স্টেট পার্কের (New York State Park) সৈকত ও পুল, পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) ক্যাম্পগ্রাউন্ড, এবং দিনের বেলায় ব্যবহারের সৈকতের এলাকাসমূহে কর্মী ঘাটতি সমাধান করতে সাহায্য করার জন্য 2022 সালে গভর্নর হোকল স্টেটের লাইফগার্ডদের জন্য বেতন বৃদ্ধি করার নির্দেশ প্রদান করেন।

অতি-প্রয়োজনীয় এলাকায় মিউনিসিপ্যাল পুল তৈরি করা

গভর্নর হোকল সম্প্রতি ঘোষণা করেন যে NY SWIMS এর 150 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল অনুদান কর্মসূচি থেকে এখন সর্বোচ্চ 90 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য রয়েছে। অর্থবছর 2025 এর প্রণীত বাজেট এবং 2024 স্টেট অফ দ্য স্টেটে অন্তর্ভুক্ত কর্মসূচিটি ফ্যাসিলিটির অধিগ্রহণ, নকশা, নির্মাণ বা পুনর্নির্মাণ, সাঁতারের ফ্যাসিলিটি এবং প্রাকৃতিক সাঁতার কাটার স্থানে মুখ্য সংস্কার, উন্নয়ন, এবং আধুনিকায়ন বা পুনর্বাসনের জন্য 50,000 মার্কিন ডলার থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদান প্রদান করবে। 1 মে তহবিলের প্রথম রাউন্ডের জন্য আবেদনের অনুরোধ (Request for Applications, RFA) প্রকাশ করা হয়েছে www.dasny.org এ এবং www.parks.ny.gov এ।

NY SWIMS ক্যাপিটাল অনুদানের জন্য প্রথম আবেদনের সময়কাল শুরু হবে 13 জুন, 2024 এবং আবেদনপত্র অবশ্যই 12 জুলাই, 2024 এর মধ্যে জমা দিতে হবে। অর্থপ্রাপ্তদের নাম 28 আগস্ট, 2024 এরপর যেকোনো দিন ঘোষণা করা হবে বলে আশা করা যাচ্ছে। প্রকল্পের চাহিদা, প্রভাব, এবং সম্ভাব্যতার বৈশিষ্ট্যের ভিত্তিতে আবেদনের মূল্যায়ন করা হবে।

SUNY পুল কমিউনিটির অ্যাঙ্কর তৈরি করা

লাইফগার্ড প্রত্যয়ন কোর্স প্রদান করা এবং কমবয়সীদের জন্য সাঁতার শেখার ক্লাসের সুযোগ বৃদ্ধি করার জন্য গভর্নর হোকল অর্থবছর 2025 এর বাজেটে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ক্যাম্পাসসমূহের জন্য প্রায় 2 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন। স্টেটের প্রত্যেক অঞ্চলজুড়ে সাঁতার শেখার সুযোগ বৃদ্ধি করার জন্য SUNY

স্কুল, কমবয়সী এবং সম্প্রদায়ভিত্তিক সংগঠন ও মিউনিসিপ্যালিটিসমূহের সাথে সহযোগিতামূলক কাজ করবে। এছাড়াও, নিউ ইয়র্ক SUNY শিক্ষার্থীদের মধ্যে যাদেরকে লাইফগার্ড সার্টিফিকেশন পরীক্ষার খরচ প্রদান করে লাইফগার্ড হওয়ার জন্য দক্ষ সাঁতারু এবং যাদেরকে লাইফগার্ড প্রশিক্ষণ কোর্সের জন্য কলেজ ক্রেডিট দেওয়ার মাধ্যমে দক্ষ সাঁতারু হিসেবে গড়ে তোলা হয়েছে তাদেরকে অনুপ্রেরণা যোগাবে। আগামী সপ্তাহগুলিতে তহবিলের জন্য আবেদন উপলভ্য হবে, এবং একটি সক্রিয় সুইমিং পুলসহ যেকোনো SUNY ক্যাম্পাস তহবিলের জন্য যোগ্য হবে।

স্টেট পার্কসমূহে সাঁতারের সুযোগ এবং অভিজ্ঞতা উন্নত করা
গভর্নরের NY SWIMS উদ্যোগের একটি অংশ হলো আরো সাঁতারের নির্দেশনার সুযোগ তৈরি করা এবং পুল বা সৈকতে শিশুদের সুরক্ষিত রাখা। গভর্নর হোকল স্টেট পার্কসমূহকে যা করার নির্দেশ দিয়েছেন:

- 2024 সালে, 7 থেকে 17 এর জন্য পানি নিরাপত্তা নির্দেশনা কর্মসূচি প্রদান করা পুল এবং সৈকতের সংখ্যা দ্বিগুণ করা, ভবিষ্যতের বছরগুলিতে ধীরে ধীরে আরো সৈকত ও পুলে এটি যোগ করা।
- কানেক্ট কিডস কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থী ও তাদের পরিবারকে সাঁতার কাটার ফ্যাসিলিটিতে পরিবহন করার জন্য কাজ করা।
- স্টেট পার্কের পুলগুলিতে বিনামূল্যের সানস্ক্রিন প্রদান করা যাতে পরিবারগুলি সূর্য থেকে নিরাপদ থাকতে পারে এবং আউটডোরকে উপভোগ করতে পারে।

<u>লং আইল্যান্ড স্টেট সৈকতসমূহে হাঙরের উপর নজরদারি</u>
এছাড়াও গভর্নর হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে এই গ্রীষ্মকালে লং আইল্যান্ড স্টেট সৈকতসমূহে হাঙর ও অন্যান্য সামুদ্রিক প্রাণী নজরদারি করার ব্যবস্থা সম্পর্কে সর্বশেষ তথ্য জানিয়েছেন। লং আইল্যান্ড স্টেট পার্ক সৈকতসমূহকে সাঁতারের মৌসুমের জন্য প্রস্তুত করতে নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) নজরদারির সক্ষমতা যোগ করেছে এবং নবায়ন করেছে, আরো ড্রোন এবং ড্রোনের কর্মকাণ্ড যোগ করেছে। মেমোরিয়াল ডে সপ্তাহান্তে জোন্স বিচ, রবার্ট মোসেস এবং সাঙ্কেন মিডো স্টেট পার্কসমূহে সাঁতারের মৌসুম শুরু হবে।

এই গ্রীষ্মকালে স্টেট পার্কসের সম্প্রসারিত নজরদারির সক্ষমতার মধ্যে রয়েছে:

- লং আইল্যান্ড স্টেট পার্কস এর বর্তমানে সক্রিয় 17টি ড্রোনের (এর মধ্যে জোন্স বিচের ছয়টি এবং রবার্ট মোসেসের চারটি রয়েছে) সাথে পাঁচটি যোগ করছে, যার ফলে মোট ড্রোনের সংখ্যা হবে 22।
- লং আইল্যান্ড স্টেট পার্কের কর্মী, লাইফগার্ড এবং পার্ক পুলিশের মধ্যে 29 জন প্রশিক্ষিত ড্রোন পাইলট রয়েছে, এবং 4 জুলাইয়ের মধ্যে কমপক্ষে আরো 11 জন পাইলটকে যোগ করা হবে।

- পার্ক পুলিশের জন্য মোতায়েন করা একটি ড্রোন হলো একটি বড় এন্টারপ্রাইজ ড্রোন যেখানে থার্মাল ইমেজিং, লেজার রেঞ্জ অনুসন্ধান, এবং উচ্চমানের ক্যামেরা আছে যা রাতের বেলার নজরদারি এবং বিরূপ আবহাওয়া পরিস্থিতিতে টহল সম্ভব করে। এছাড়াও ড্রোন জরুরি অবস্থায় ব্যক্তিগত ভেসে থাকার সরঞ্জাম ফেলতে পারবে।

পাশাপাশি, নিউ ওয়ার্ক স্টেট বিচফ্রন্ট ড্রোন অনুদান কর্মসূচির (Beachfront Drone Grant Program) জন্য আবেদনের সময়কাল 1 নভেম্বর পর্যন্ত বিস্তৃত করেছেন।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স বলেন, "সাঁতার কাটা হলো আমাদের পার্কে উপভোগ করার সবথেকে জনপ্রিয় ও মজার একটি কাজ, এবং এটি একটি অতি গুরুত্বপূর্ণ জীবন দক্ষতা। আমরা নিউ ইয়র্ক স্টেট পার্ক সিস্টেমের শতবর্ষ উদযাপন করছি, তাই গভর্নর হোকলের NY SWIMS উদ্যোগের কেন্দ্রবিন্দু হিসেবে ঐতিহাসিক জোন্স বিচ ইস্ট বাথহাউজের পুনরুজ্জীবন মানানসই হবে। নিউ ইয়র্কবাসীদের জন্য অতি প্রয়োজনীয় নিরাপদ সরকারি সাঁতারের বিকল্প সম্প্রসারিত করতে গভর্নরের সাথে কাজ করার জন্য আমাদের এজেন্সি উন্মুখ।"

নিউ ইয়র্কের স্টেট সচিব ওয়াল্টার টি মোসলি বলেন, "গভর্নর হোকলের NY SWIMS কর্মসূচিটি মিউনিসিপ্যালিটিসমূহকে লাইফগার্ড নিয়োগ ও ধরে রাখার ক্ষেত্রে তাদের প্রয়াস বলীয়ান করতে দিবে যাতে করে একটি উষ্ণ গ্রীষ্মের দিনে শিশু ও প্রাপ্তবয়স্করা নিরাপদে পানি উপভোগ করতে পারে এবং পিতামাতারা স্বস্তি বোধ করতে পারে যে তাদের পরিবারকে সুরক্ষিত রাখার জন্য আরেকজন মানুষ খেয়াল করছে। পুরো স্টেটে আমরা যেই লাইফগার্ডের ঘাটতির সম্মুখীন হয়েছি তা কিছুটা সহ করতে ডিপার্টমেন্ট অফ স্টেট স্থানীয় সরকারসমূহকে এই তহবিলের মাধ্যমে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority of the State of New York, DASNY) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা রবার্ট জে রড্রিগেজ বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটে নতুন সাঁতার এবং বিনোদনমূলক সুযোগ তৈরির ব্যাপারে গভর্নর হোকলের ভিশনকে সমর্থন করতে পেরে নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষ অতিশয় গর্বিত। NYSWIMS উদ্যোগের মাধ্যমে পুরো স্টেটে প্রয়োজনীয় ক্যাপিটাল বিনিয়োগ প্রদান করতে পেরে আমরা আনন্দিত। আমরা আজকের এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি আরো উত্তম নিউ ইয়র্ক গঠনে কাজ করছি তাই আমাদের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য এই সংস্থানগুলি অতিমাত্রায় গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেট সাধারণ পরিষেবা অফিসের কমিশনার জিনেট ময় বলেন, "গভর্নর হোকলের NY SWIMS উদ্যোগের একটি মুখ্য উপাদান হলো পুরো নিউ ইয়র্ক স্টেটের পুল এবং সৈকতে সুযোগসুবিধা প্রদান করা যেখানে শিশুরা অত্যাবশ্যকীয় এবং সম্ভাব্য জীবন রক্ষাকারী সাঁতারের দক্ষতা শিখে থাকে। লং আইল্যান্ডের ঐতিহাসিক জোন্স বিচ ইস্ট বাথহাউজে একটি সাঁতার শেখার সম্পূর্ণ অ্যাক্সেসিবল পুল সংস্কার ও তৈরি করতে স্টেট পার্কসে আমাদের অংশীদারদের সাথে যোগ দিতে পেরে OGS গর্বিত।"

স্টেটের সিনেটর কেভিন টমাস বলেন, "NY SWIMSআমরা গ্রীষ্মকালের জন্য প্রস্তুত হচ্ছি, এই সময় পুরো স্টেটে পানির নিরাপত্তা বৃদ্ধি করতে গভর্নর হোকলের NY SWIMS উদ্যোগকে সমর্থন করতে পেরে আমি খুশি। এই বিনিয়োগসমূহ নিশ্চিত করবে যে লং আইল্যান্ডের অধিবাসীগণ নিরাপদে এবং দায়িত্বশীলভাবে আগামী বহু বছর ধরে আমাদের জলপথ উপভোগ করতে পারবে এবং মাটি ও পানি উভয় স্থানে আউটডোর কর্মকাণ্ড উপভোগ করার সময় নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে আমাদের প্রতিশ্রুতিকে তুলে ধরে।"

অ্যাসেম্বলি সদস্য মিশেল সোলাজেস বলেন, "পাবলিক সুইমিং পুলে এই বিনিয়োগ আরো অগণিত নিউ ইয়র্কবাসীর জন্য সাঁতার শেখা সম্ভব করবে। আমাদের স্টেটের আরো শিশুদের এই মূল্যবান দক্ষতা শেখ উচিত যা জীবন রক্ষা করে এবং গ্রীষ্মকালকে সকলের জন্য আরো উপভোগ্য করে। NY SWIMS, জোন্স বিচ, এবং আরো লাইফগার্ডের জন্য এইসব ঐতিহাসিক বিনিয়োগ দ্বারা লং আইল্যান্ড নিঃসন্দেহে লাভবান হবে এবং তা আমাদের মানুষের জন্য সাঁতারকে আরো উপলভ্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্টি অ্যাসোসিয়েশনের (New York Association of Counties) নির্বাহী পরিচালক স্টিভেন জে. অ্যাকোয়ারিও বলেন, "স্থানীয় সুইমিং পুলে স্টেটের বিনিয়োগ স্টেটব্যাপী আমাদের মিউনিসিপ্যাল পরিচালিত সৈকত এবং পুলে গ্রীষ্মকালীন বিনোদনের সুযোগ বৃদ্ধি করবে, যাদের মধ্যে অনেকেরই এই প্রয়োজনীয় বিনিয়োগটি করার সক্ষমতা নেই।স্টেটের বাজেট আলাপ আলোচনার সময় গভর্নর হোকলের একটি অগ্রাধিকার, NY SWIMS একটি অনন্য মূলধন সংযোজন করে যা বাসিন্দাদের জন্য সাঁতারের সুযোগ সম্প্রসারিত করবে, এটি একটি সারা জীবনের দক্ষতা।পাশাপাশি, NY SWIMS কাউন্টি এবং স্থানীয় সরকারসমূহকে লাইফগার্ড প্রশিক্ষণ ও নিয়োগের জন্য তহবিল প্রদান করবে, যার জন্য উচ্চ চাহিদা রয়েছে। পুরো স্টেটের এই অপূর্ণ চাহিদা পূরণ করার জন্য কাউন্টিসমূহ গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেট মেয়র্স কনফারেন্সের (New York State Conference of Mayors) নির্বাহী পরিচালক বারবারা ভ্যান এপস বলেন, "সাঁতারকে পুরো নিউ ইয়র্কে একটি অগ্রাধিকার করার পাশাপাশি আমাদের বহু সম্প্রদায়ে লাইফগার্ডের ঘাটতির সমাধান করার জন্য বিশেষভাবে সংস্থান প্রদান করার মাধ্যমে নিরাপদ সাঁতারের প্রচার করার জন্য NYCOM গভর্নর হোকলের প্রশংসা করছে। গ্রীষ্মকালীন মাস শীঘ্রই আসন্ন, তাই পুরো স্টেটজুড়ে শিশু এবং তাদের পরিবারের জন্য বিদ্যমান বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি ও উন্নত করার ক্ষেত্রে এই উদ্যোগ অনেক সাহায্য করবে।"

নাসাউ কাউন্টির সংখ্যালঘু নেতা ডেলিয়া ডেরিগি-হুইটন বলেন, "NY SWIMS উদ্যোগের মাধ্যমে জননিরাপত্তা এবং সম্প্রদায়ের সুস্থতা উন্নত করার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি সত্যিই প্রশংসনীয়। এইসব উল্লেখযোগ্য বিনিয়োগ নাসাউ কাউন্টিতে বড় জোয়ার নিয়ে আসছে, সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে আমাদের সুন্দর পানিতে নিরাপদে ঝাঁপ দেওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে একটি সক্রিয় পন্থার প্রতিফলন করছে। এই উদ্যোগটি নিশ্চিত করবে যাতে আমাদের গ্রীষ্মকাল আরো নিরাপদ এবং আরো উপভোগ্য হয়, লং আইল্যান্ডজুড়ে সম্প্রদায়ের সুস্থতা এবং পানি নিরাপত্তার একটি নতুন মানদণ্ড স্থাপন করবে।"

হেম্পস্টিড টাউনের সুপারভাইজার ডরোথি গুডবি বলেন, "জোন্স বিচ ইস্ট বাথহাউজ পুনরুজ্জীবিত করতে তার 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে পানি নিরাপত্তার প্রতি তার অবিচল প্রতিশ্রুতি স্পষ্ট হয়েছে। লাইফগার্ড অনুদান কর্মসূচি থেকে শুরু করে SUNY পুলের জন্য সমর্থন পর্যন্ত, তার উদ্যোগসমূহ বাস্তব পার্থক্য তৈরি করছে। নিউ ইয়র্কবাসীকে পানিতে নিরাপদ রাখার ব্যাপারে গভর্নর হোকল একজন সত্যিকারের নেতা।"

নিউ ইয়র্ক ওয়াটার সেফটি কোয়ালিশনের (New York Water Safety Coalition) কোফাউন্ডার এবং এন্ড ড্রাউনিং নাওয়ের (End Drowning Now) ফাউন্ডার, এবং স্টপ ড্রাউনিং নাওয়ের (Stop Drowning Now) পরিচালক ববি হ্যাজেন বলেন, "পানিতে ডুবে যাওয়া প্রতিরোধযোগ্য, তাই আমাদের পিতামাতা, কেয়ারগিভার, শিশু, এবং সম্প্রদায়সমূহকে প্রয়োজনীয় সুরক্ষার স্তর সম্পর্কে এবং সাঁতার শেখার গুরুত্ব সম্পর্কে যথাযথ পানি নিরাপত্তা শিক্ষা দ্বারা শিক্ষিত করেত পানিতে ডুবে যাওয়ার ঝুঁকি আমরা নিঃসন্দেহে হ্রাস করতে পারবো। এই সমস্যা উপলব্ধি করার জন্য এবং এটি সমাধানে সাহায্য করতে উদ্যোগ গ্রহণের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

রিজস্পেক্ট লাইফের (ReesSpecht Life) ফাউন্ডার এবং রিজস্পেক্ট ওয়াটার ক্যাম্পেইনের (ReesSpecht Water Campaign) প্রবর্তক রিচ স্পেক্ট বলেন, "সর্বশেষ CDC প্রতিবেদন অনুযায়ী সারা দেশে পানিতে ডুবে মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, তাই এটি স্পষ্ট যে আমাদের বর্তমান পন্থা কাজ করছে না। আমাদের পরিবার নিজে এই হারানোর অভিজ্ঞতার সম্মুখীন হয়েছে, তাই তারা মর্মান্তিকভাবে উপলব্ধি করতে পেরেছে যে পানির নিরাপত্তা সম্পর্কে আমাদের সামগ্রিক অবহেলার মূল্য আমাদের শিশুদের প্রাণ দিয়ে দিতে হচ্ছে। এই ধারা পরিবর্তন করার চাবিকাঠি হলো শিক্ষা এবং আমাদের শিশুদের জন্য পানিতে ডুবে যাওয়ার বাস্তব বিপদ সম্পর্কে নিউ ইয়র্কের পরিবারসমূহকে শিক্ষিত করার ব্যাপারে গভর্নরের প্রতিশ্রুতির জন্য আমরা তার প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন